

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৭৪

খোয়াই, ২২ নভেম্বর, ২০২৩

খোয়াই জেলাভিত্তিক কলা উৎসব

জেলা শিক্ষা আধিকারিক কার্যালয়ের উদ্যোগে গতকাল আনন্দঘন অনুষ্ঠানের মাধ্যমে তেলিয়ামুড়া চিত্রাঙ্গদা কলাকেন্দ্রে খোয়াই জেলাভিত্তিক কলা উৎসব অনুষ্ঠিত হয়। এই কলা উৎসবের উদ্বোধন করেন ত্রিপুরা বিধানসভার সরকারী মুখ্যসচেতক বিধায়ক কল্যাণী সাহা রায়। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, আমাদের দেশ মহান মনীষীদের জন্মভূমি, শিল্প, কৃষি ও সংস্কৃতির পীঠস্থান। দেশের মানব সম্পদের বিকাশে সরকার ব্যাপক ভাবে কাজ করছে। কাজেই প্রত্যেক ছাত্রছাত্রী ও ছেলে মেয়েদের মেধার বিকাশ ঘটাতে হবে। এছাড়া বন্দৰ্য রাখেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি জয়দেব দেববর্মা এবং তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার। উপস্থিত ছিলেন সহকারী জিলা সভাধিপতি হরিশংকর পাল, তেলিয়ামুড়া পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মধুসূধন রায়, জেলা শিক্ষা আধিকারিক কার্যালয়ের ও এসডি মতিলাল দেববর্মা প্রমুখ। স্বাগত ভাষণ দেন জেলাভিত্তিক কলা উৎসব উদযাপন কমিটির আহ্বায়ক সঞ্জিৎ দাস। জেলাভিত্তিক অনুষ্ঠানে জেলার ৫৬টি বিদ্যালয়ের নবম থেকে দ্বাদশ শ্রেণীর ২৭০ জন ছাত্রছাত্রী শান্তীয় সংগীত, লোক সংগীত, লোকনৃত্য, তৰলাবাদন, সেতার বাদন, আর্ট ও একান্ধ নাটক সহ মোট ১০টি বিভাগের প্রতিযোগিতায় অংশ নেয়। সভাপতিত্ব করেন জেলা শিক্ষা আধিকারিক দীনেশ দেববর্মা।
